# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় সিয়াম (রোযা)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৩.৫ সিয়াম ত্যাগকারীর শাস্তি - ৯. যারা বিনা উযরে সিয়াম ভঙ্গ করে তাদের শাস্তি কী হবে?

তারা ভীষণ শাস্তির সম্মুখীন হবে। এ বিষয়ে রাসূলে কারীম (সা.)-এর কয়েকটি হাদীস নিম্নে উল্লেখ করা হলো:

১. আবু উমামা (র.) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, একদিন আমি স্বপ্নে দেখলাম যে, একটি সম্প্রদায় উল্টোভাবে ঝুলছে। তাদের গালটি ফাড়া। তা থেকে রক্ত ঝরছে। আমি জিজ্ঞেস করলাম এরা কারা? বলা হলো, এরা ঐসব ব্যক্তি যারা বিনা উযরে রমযান মাসের সিয়াম ভঙ্গ করেছিল। (সহীহ ইবনে খুযাইমাহ)

২. যে ব্যক্তি (রমাযানের) এ মুবারক মাসেও আল্লাহকে রাজি করাতে পারল না, সে বড়ই দুর্ভাগা। (ইবনে হিব্বান)

৩. যে ব্যক্তি শরীআতী উযর ছাড়া এ (রমযান) মাসে একটি রোযাও ছেড়ে দেবে, সে যদি এর বদলে সারা জীবনও সিয়াম পালন করে তবু তার পাপের খেসারত হবে না। (বুখারী)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13408

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন